

ধীরে ধীরে ধীরে বও ওগো উতল হাওয়া ।  
নিশীথরাতের বাঁশি বাজে— শান্ত হও গো, শান্ত হও ।  
আমি প্রদীপশিখা তোমার লাগি ভয়ে ভয়ে একা জাগি,  
মনের কথা কানে-কানে মৃদু মৃদু কও ॥  
তোমার দূরের গাথা তোমার বনের বাণী  
ঘরের কোণে দেহো আনি ।  
আমার কিছু কথা আছে ভোরের বেলায় তারার কাছে,  
সেই কথাটি তোমার কানে চুপি চুপি লও ॥

---

Parjaay: Prakriti/Basanta, Taal: Kaharwa, Raag: Iman  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail